

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দুই পক্ষের মারামারিতে ছাত্রলীগ নেতাসহ আহত হয়েছেন তিন শিক্ষার্থী। গত সোমবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের মতিহার হলের খেলাকক্ষে এই ঘটনা ঘটে। পরে আহতদের উন্নত চিকিৎসার জন্য রাজশাহী মেডিক্যাল কলেজ (রামেক) হাসপাতালে পাঠানো হয়।

আহতরা হলেন ইতিহাস বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও হল শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক আরিফুল ইসলাম, তানভির এবং ফাইন্যান্স বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী শেখ উৎস।

বিজ্ঞাপন

হলের আবাসিক শিক্ষার্থী ও প্রত্যক্ষদর্শীদের সূত্রে জানা যায়, হলের খেলাকক্ষে ক্যারমবোর্ড ও টেবিল টেনিস খেলার সময় উচ্চ স্বরে কথা বলাকে কেন্দ্র করে আরিফুল ইসলাম ও তানভিরের সঙ্গে শেখ উৎসের বাগবিতণ্ডা হয়। একপর্যায়ে উভয় পক্ষের মধ্যে মারামারির ঘটনা ঘটে।